

## “তোমার পাপ ক্ষমা করা হল”

এই কথাটি কত সুন্দর! যিনি মানুষের পাপ ক্ষমা করতে পারেন, একবার সেই তিনিই এই কথাটি বলেছেন। আর সেই তিনি হলেন ঈশ্বর, যিনি যীশু খ্রীষ্ট নামে মানুষ রূপে এই পৃথিবীতে এসেছেন।

কিন্তু কাকে তিনি এই কথাগুলো বলেছিলেন? আমার ও আপনার মত আরেকজন পাপী লোকের কাছে এই কথাগুলো বলা হয়েছিল। এই পাপী মহিলাকে সমাজের অন্য লোকেরা নীচু চোখে দেখত। কিন্তু যীশু এই মহিলার প্রতি মমতা করলেন।

আর এটাই যীশু খ্রীষ্টের দেওয়া সুখবরের সৌন্দর্য। ঈশ্বর পাপকে ঘৃণা করেন, কিন্তু পাপীকে ভালবাসেন। ঈশ্বরের বাক্য পবিত্র বাইবেল বলে, “সবাই পাপ করেছে এবং ঈশ্বরের প্রশংসা পাবার অযোগ্য হয়ে পড়েছে” (রোমীয় ৩:২৩ পদ)।

এটা নিশ্চয়ই একটা খারাপ খবর। কিন্তু আমাদের জন্য ভাল খবরও আছে। কেননা বাইবেল আরও বলে, “কিন্তু ঈশ্বর যে আমাদের ভালবাসেন তার প্রমাণ এই যে, আমরা পাপী থাকতেই খ্রীষ্ট আমাদের জন্য প্রাণ দিয়েছিলেন” (রোমীয় ৫:৮ পদ)।

উপরে দেওয়া বাইবেলের পদ দুটি থেকে আপনি কি দেখতে পেলেন? আমরা দেখতে পাই আপনি, আমি ও সব মানুষই পাপী এবং নরকে যাবার যোগ্য। কিন্তু তারপরও ঈশ্বর আমাদের ভালবাসেন। তিনি আমাদের এত ভালবাসলেন যে, তিনি আমাদের পাপের জন্য ক্রুশে উপর মরতে যীশু খ্রীষ্টকে পাঠিয়ে দিলেন। এতে করে যীশুর নির্দোষ রক্ত আমাদের সব পাপ দূর করে দিয়ে আমাদের ক্ষমা করে দিয়েছে যাতে আমরা ঈশ্বরের সাথে অনন্ত জীবন কাটাতে পারি।

কিন্তু এই ক্ষমা লাভ করার জন্য এবং অনন্ত জীবন পাওয়ার জন্য আমাকে ও আপনাকে একটি কাজ করতে হবে। গীর্জায় গেলে বা ভাল জীবনযাপন করলে কিংবা “আপনার জীবন পরিষ্কারের” চেষ্টা করেও আপনি এই ক্ষমা ও জীবন লাভ করতে পারবেন না। বাইবেল বলে, “আপনি ও আপনার পরিবার প্রভু যীশুর উপর বিশ্বাস করুন, তাহলে পাপ থেকে উদ্ধার পাবেন” (হেরিভ ১৬:৩১ পদ)। দেখলেন তো, যে আপনি ও আমি নরকে যাওয়ার যোগ্য ছিলাম, এখন সেই আমাদের সকলের জন্য নরকের হাত থেকে বাঁচার একটা উপায় হয়ে গেল।

খেয়াল রাখুন, এর জন্য দরকারী সব কাজই খ্রীষ্ট আমাদের জন্য ক্রুশের উপর করেছেন। আমাদেরকে কিছু করতে হবে না। শুধুমাত্র যে জিনিষটি করতে হবে, তা হল: “যীশুকে উদ্ধারকর্তা হিসাবে বিশ্বাস করা।”

যে পাপী মহিলাটিকে যীশু খ্রীষ্ট বলেছিলেন “তোমার পাপ ক্ষমা করা হল”, সেই মহিলাটি তার পাপপূর্ণ অবস্থা নিয়েই যীশুর কাছে এসেছিল এবং বিশ্বাস করেছিল যে, যীশু পাপ থেকে উদ্ধার করবেন। একই ভাবে আমরা পাপী, ভগ্ন, নিঃসঙ্গ... যে অবস্থাতেই থাকি না কেন, তিনি আপনাকে এবং আমাকেও গ্রহণ করবেন, যদি আমরা কেবল “প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস করি”। সেদিন সেই পাপী মহিলাটি যেভাবে অন্তরে শান্তি নিয়ে চলে গিয়েছিল, আমরাও “শান্তিতে চলে যেতে” পারব।

**আপনি কি তাঁর উপর বিশ্বাস করেছেন কিংবা তাঁকে আপনার উদ্ধারকর্তা হিসাবে বিশ্বাস করতে চান?**